

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৯ মার্চ ২০২৪খ্রি.

### ফিরিঙ্গী বাজার ওয়ার্ডে ইফতার সামগ্রী বিতরণ আত্মত্যাগ ও সিয়াম সাধনায় নিজেকে পরিশুদ্ধ করার মাস রমজান: মেয়র রেজাউল

পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে ৩৩নং ফিরিঙ্গীবাজার ওয়ার্ড কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লবের উদ্যোগে ২য় দফায় এক হাজার রোজাদারের মাঝে ইফতার বিতরণ সোমবার সকাল ১১টায় এয়াকুব আলী দোভাষ বালিকা বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লবের সভাপতিত্বে ও মহানগর যুবলীগ নেতা জাহাঙ্গীর আলমের সঞ্চালনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন প্যানেল মেয়র ও বাগমনিরাম ওয়ার্ড কাউন্সিলর মো. গিয়াস উদ্দিন, ওয়ার্ড আওয়ামী লীগের সম্পাদক মন্ডলীর সদস্য মনজুর আলম, মহানগর যুবলীগের সাবেক সদস্য খোরশেদ আলম রহমান, মহানগর যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক সাইফুদ্দিন আহমেদ, ওয়ার্ড আওয়ামী লীগ নেতা নাছির উদ্দিন আহমেদ, সদস্য আফসার উদ্দিন আহমেদ, মহানগর যুবলীগের সাবেক সদস্য তানভীর আহমেদ রিংকু, নগর স্বেচ্ছাসেবক লীগ নেতা তারাপদ দাশ, আবদুল মতিন প্রমুখ।

এতে আরো উপস্থিত ছিলেন ৩১নং ওয়ার্ড কাউন্সিলর আবদুস সালাম মাসুম, ৩৪নং ওয়ার্ড কাউন্সিলর পুলক খান্টগীর, সিজেকেএস কাউন্সিলর আবু জাহেদ, যুবলীগ নেতা জামাল উদ্দিন মাসুম, মো. তাজউদ্দিন, সামিউল হাসান রুমন, মহানগর ছাত্রলীগের আইন বিষয়ক সম্পাদক অসিউর রহমান, সদস্য সাফফাত বিন আমিন, আলাউদ্দিন বাপ্পী, নেজাম উদ্দিন রুবেল, মো. নিয়াজ, জমির উদ্দিন পারভেজ, রাশেদুল আলম, মো. জসিম, গোলজার হোসেন লাভলু, হুমায়ুন কবির রিকু, আমিনুল ইসলাম শাহেদ, শফিউল আলম জনি, আকবর আলী জনি, মো. সালাউদ্দিন, মো. জাবেদ, মো. তামজিদ, কোতোয়ালী থানা ছাত্রলীগের সভাপতি অনিন্দ্য দেব, আবু তৈয়ব মিজান, মো. সোহেল হক, শান্ত ঘোষ, মো. মুরাদ, মো. হারুন, ছাত্রনেতা সম্রাট, আসিফুল হক সিফাত, আতিকুর রহমান, মো. ফাহিম, আবদুল জুয়েল, অঞ্জন দাশ প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, আত্মত্যাগ ও সিয়াম সাধনায় নিজেকে পরিশুদ্ধ করার মাস রমজান। পবিত্র মাহে রমজান সমগ্র মুসলিম উম্মাহ'র জন্য শান্তি সমৃদ্ধি বয়ে আনে। রোজা এবং ইফতার সকল মানুষের ধনী-দরিদ্রের বৈষম্যমুক্ত থাকার শিক্ষা দেয়। মাহে রমজানের মূল শিক্ষা হচ্ছে আত্মত্যাগ ও সিয়াম সাধনার মধ্যে নিজের আত্মলাককে পরিশুদ্ধ করা। মেয়র সমাজের স্বচ্ছল মানুষদের অসহায় মানুষদের সহায়তায় এগিয়ে আসার আহবান জানান।

### মুক্তিযুদ্ধের চেতনায় দেশ গড়ার অসমাপ্ত লড়াইয়ে নেতৃত্ব দিতে হবে শিক্ষার্থীদের: মেয়র

মুক্তিযুদ্ধের চেতনায় দেশ গড়ার অসমাপ্ত লড়াইয়ে শিক্ষার্থীদের নেতৃত্ব দিতে হবে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। সোমবার রাবেয়া বসরী বালিকা উচ্চ বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান-২০২৪ এ প্রধান অতিথির বক্তব্যে এ মন্তব্য করেন তিনি।

ছাত্রদের মুক্তিযুদ্ধের চেতনাকে লালন করে এগিয়ে যাওয়ার আহবান জানিয়ে প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, জঙ্গিবাদ, মৌলবাদ, সাম্প্রদায়িক চিন্তার বিপরীতে শিক্ষার্থীদের মুক্তিযুদ্ধের চেতনায় দেশ গড়ার অসমাপ্ত লড়াইয়ে নেতৃত্ব দিতে হবে। আজ যারা শিক্ষার্থী তারাইতো ভবিষ্যতে বিভিন্নভাবে নেতৃত্ব দিবে, তাই ছাত্রদের গড়ে তুলতে হবে যুগোপযোগী উপায়ে।

“শিক্ষার্থীরা কেবল পড়লে হবেনা, তাদের হয়ে উঠতে হবে যোগ্য মানুষ। এজন্য প্রয়োজন সংস্কৃতিচর্চা। কারণ, সংস্কৃতিচর্চা উন্নত মনন গঠন করে, গড়ে তোলে আদর্শ মানুষ। আমাদের প্রত্যাশা বাংলাদেশে চলমান উন্নয়নের ধারা সংস্কৃতিবান মানুষদের নেতৃত্বে আরো বেগবান হবে বলে। বঙ্গবন্ধুর ক্ষুদামুক্ত-দারিদ্রমুক্ত বাংলাদেশের স্বপ্নপূরণ হবে শিক্ষার্থীদের হাত ধরে।”

অনুষ্ঠানে চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের উপদেষ্টা একেএম বেলায়েত হোসেন, প্যানেল মেয়র গিয়াস উদ্দিনসহ বিদ্যালয় পরিচালনা কমিটির নেতৃবৃন্দ ও শিক্ষক শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমেদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮